

ঘড়ির কাটা পরিবর্তন করে এক ঘণ্টা সামনে এগোবে ইতালি

- A Monitor Desk Report

Date: 31 March, 2024



রোম: ইতালিতে আবারও ঘড়ির কাটা এক ঘণ্টা পরিবর্তন করা হবে। স্থানীয় সময় ৩১ মার্চ রাত ১২ টার পর সময়ের এ পরিবর্তন করা হবে।

বছরে দুইবার দিবালোক সঞ্চয়ের ফলে ঘড়ির কাটা এক ঘণ্টা পরিবর্তন করা হয়। তা বছরে দুবার করা হয়। ফলে একবার সামনে আরেকবার পেছনে; এভাবে এক ঘণ্টা পরিবর্তন করা হয়। এরই ধারাবাহিকতায় ৩১ মার্চ রাত ১২টার পর আরেকবার সময়ের পরিবর্তন করা হবে।

স্থানীয় সময় যখন রাত ২টা তখন ঘড়িতে রাত হবে ৩টা। প্রতি গ্রীষ্ম ও শীতকালে সূর্যাস্ত এবং সূর্যোদয়ের ওপর এক ঘণ্টা পরিবর্তন করা হয়।

ডিএসটি সময়ের পরিবর্তন ইউরোপের কয়েকটি দেশসহ আরও কয়েকটি দেশে হয়ে থাকে। জার্মানিতে ৩১ এপ্রিল ১৯১৬ সাল থেকে ডিএসটি সময় পরিবর্তন শুরু হয়।

এদিকে ইতালির সময়ের পরিবর্তনের ফলে ৩১ মার্চ রাত ৩টার পর থেকে বাংলাদেশের সঙ্গে ইতালির সময়ের ব্যবধান হবে ৪ ঘণ্টা। এর আগে ছিল পাঁচ ঘণ্টা।

-B